গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

সুরক্ষা সেবা বিভাগ

আইসিটি সেল

সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী (২০১৯-২০ অর্থবছর)

---

| | |
|---|---|
| সভাপতি | ড. তরুণ কান্তি শিকদার<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২৬ ডিসেম্বর ২০১৯ |
| সভার সময় | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | সভাপতি মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সভাপতি সদস্য-সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব নিম্নরূপভাবে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেনঃ

**১.০ আলোচ্য সূচি:** সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০ অর্থবছরের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও আশু করণীয় নির্ধারণ।

**১.১ আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০২০ অর্থবছরের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের ২০১৯-২০২০ অর্থবছরে অনুমোদিত উদ্ভাবনী উদ্যোগ/ধারনা, অনুমোদিত উদ্ভাবনী উদ্যোগ/ধারনা হতে ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ধারনার পাইলটিং বাস্তবায়ন ও মূল্যায়ন, উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ১ দিনের কর্মশালা আয়োজন, উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন, সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন, অধিদপ্তরসমূহ কর্তৃক দাখিলকৃত বিগত ২০১৮-১৯ অর্থবছরের স্ব-মূল্যায়ন স্কোর পর্যালোচনাপূর্বক চূড়ান্ত স্কোর নির্ধারণ, দেশে নলেজ শেয়ারিং ও বিদেশে শিক্ষা সফরের বিষয়ে সম্ভাব্য প্রতিষ্ঠান ও দেশ চিহ্নিতকরণের উদ্যোগ গ্রহণ এবং শোকেসিং আয়োজন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০২০ অর্থবছরের সকল কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নের উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়।

**১.২ সিদ্ধান্ত:**

ক) সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের ২০১৯-২০২০ অর্থবছরে অনুমোদিত উদ্ভাবনী উদ্যোগ/ধারনা সমূহ এবং অনুমোদিত উদ্ভাবনী উদ্যোগ/ধারনা হতে ন্যূনতম একটি পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ সম্পন্নক্রমে স্ব স্ব অফিসের ওয়েবসাইটে দ্রুত আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন অগ্রগতি:**

| বিভাগ/অধিদপ্তর | অনুমোদিত উদ্ভাবনী উদ্যোগ/ধারনা |
|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ১. বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ভিসা ও পাসপোর্ট সংশ্লিষ্ট অভিযোগ নিস্পত্তি।<br>২. ICRC (International Committee of the Red Cross) কর্তৃক কারাগার পরিদর্শনের নিমিত্ত ছাড়পত্র প্রদানের আবেদন অনলাইনে গ্রহণ এবং ছাড়পত্র অনলাইনে প্রদান (পাইলটিং প্রকল্প ও ই-সার্ভিস/ডিজিটাল সেবা হিসেবে বাস্তবায়িত এবং ওয়েবসাইটে আপলোডকরণ সম্পন্ন হয়েছে)।<br>৩. অনলাইনে প্রবাসী বাংলাদেশিগণের নাগরিকত্ব/প্রাক পরিচিতি যাচাই এর মাল্টি ইউজার সফটওয়্যার।<br>৪. সিটিজেন চার্টারের ওয়েব সংস্করণ তৈরিকরণ। |

| | |
|---|---|
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ১. ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ।<br>২. অনলাইন পদ্ধতিতে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকরণ (পাইলটিং প্রকল্প ও ই-সার্ভিস/ডিজিটাল সেবা হিসেবে বাস্তবায়িত এবং ওয়েবসাইটে আপলোডকরণ সম্পন্ন হয়েছে)।<br>৩. ৭টি বিভাগীয় অফিসে মোবাইল ইউনিট চালুকরণ।<br>৪. একাউন্টিং ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ। |
| কারা অধিদপ্তর | ১. হটলাইন চালুকরণ।<br>২. হাইকোর্টে আপিল প্রক্রিয়া সহজিকরণ।<br>৩. কারাগারসমূহে ওয়ান স্টপ সার্ভিস চালুকরণ (পাইলটিং প্রকল্প ও ই-সার্ভিস/ডিজিটাল সেবা হিসেবে বাস্তবায়িত এবং ওয়েবসাইটে আপলোডকরণ সম্পন্ন হয়েছে)।<br>৪. কারা বন্দিদের উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে শিক্ষা গ্রহণের ব্যবস্থা করা।<br>৫. এসএমএসের মাধ্যমে বন্দির অবস্থান, জামিন/খালাস এর তথ্য প্রদান। |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১. ফায়ার ডিপ্লোমা কোর্সে ভর্তি সংক্রান্ত কার্যক্রম অনলাইনকরণ।<br>২. ফায়ার সেফটি ট্রেনিং এর দাপ্তরিক কার্যক্রম অনলাইনকরণ।<br>৩. মোবাইল এ্যাপস এর মাধ্যমে নাগরিকদের অ্যাম্বুলেন্স সেবা প্রদান (পাইলটিং প্রকল্প ও ই-সার্ভিস/ডিজিটাল সেবা হিসেবে বাস্তবায়িত এবং ওয়েবসাইটে আপলোডকরণ সম্পন্ন হয়েছে)।<br>৪. দর্শনার্থী এবং ফায়ার লাইসেন্স প্রত্যাশিদের জন্য অপেক্ষাগার।<br>৫. ফায়ার ফাইটিং গেম। |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১. DNC Hotline. (পাইলটিং প্রকল্প ও ই-সার্ভিস/ডিজিটাল সেবা হিসেবে বাস্তবায়িত এবং ওয়েবসাইটে আপলোডকরণ সম্পন্ন হয়েছে)<br>২. ভ্রাম্যমাণ ডিজিটাল ভ্যান।<br>৩. "থেরাপিউটিক কমিউনিটি" ভিত্তিক চিকিৎসা সেবা প্রদান।<br>৪. রিকভারি মোবাইল অ্যাপস তৈরি।<br>৫. অনলাইনে এসিআর দাখিল সংক্রান্ত তথ্য সংরক্ষণ।<br>৬. Digital Anti-Narcotics Campaign.<br>৭. Dangerous Drug (DD) Management System.<br>৮. Participatory Anti-Narcotics Awareness Campaign in School.<br>৯. Department of Narcotics Control (DNC) Overall Performance, Evaluation and Monitoring System. |

ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ জারিকৃত করার লক্ষ্যমাত্রা যথাসময়ে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক অর্জিত না হওয়ায়, দ্রুত বিষয়টি বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের ২০১৯-২০২০ অর্থবছরে অনুমোদিত উদ্ভাবনী উদ্যোগসমূহের মধ্যে পাইলটিং হিসেবে গৃহীত উদ্যোগ/ধারনার পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন ০১.০৩.২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

খ) সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহ কর্তৃক উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ১ দিনের কর্মশালা আয়োজন, উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন, সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন করা।

**বাস্তবায়ন অগ্রগতি:**

| বিভাগ/অধিদপ্তর | বিষয় | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ১ দিনের কর্মশালা/সেমিনার আয়োজন | বাস্তবায়িত হয়নি। |
| | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন | |
| | সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন | |
| | | |

| | | |
|---|---|---|
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ১ দিনের কর্মশালা/সেমিনার আয়োজন | ১৪.০৯.২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়েছে। |
| | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন | |
| | সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন | |
| কারা অধিদপ্তর | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ১ দিনের কর্মশালা/সেমিনার আয়োজন | ০২ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়েছে। |
| | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন | ১৯ ও ২০ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে। |
| | সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন | |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ১ দিনের কর্মশালা/সেমিনার আয়োজন | |
| | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন | ২৯ ও ৩০ জানুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে। |
| | সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন | |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ১ দিনের কর্মশালা/সেমিনার আয়োজন | |
| | উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন | ২৬ ও ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে। |
| | সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষে ২ দিনের প্রশিক্ষণ আয়োজন | |

গ) অধিদপ্তরসমূহ কর্তৃক দাখিলকৃত বিগত ২০১৮-১৯ অর্থবছরের স্ব-মূল্যায়ন স্কোর পর্যালোচনাপূর্বক চূড়ান্ত স্কোর নির্ধারণের লক্ষ্যে উপসচিব, প্রশাসন-১ এর সভাপতিত্বে গত ০৫ ফেব্রুযারি ২০২০ তারিখে অধিদপ্তরসমূহের প্রতিনিধির সাথে সভা অনুষ্ঠিত হয় এবং সভায় উপস্থিত সবার মতামতের ভিত্তিতে নিম্নরূপে স্কোর চূড়ান্ত করা হয়:

| **অধিদপ্তর** | **অর্জিত চূড়ান্ত স্কোর** |
|---|---|
| কারা অধিদপ্তর | ৯৮.৮০ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ৯৮.০২ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ৯৬.০১ |
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ৭৩.৫০ |

উল্লেখ্য, সুরক্ষা সেবা বিভাগের বিগত ২০১৮-১৯ অর্থবছরের স্ব-মূল্যায়ন দাবিকৃত স্কোর ৯৭.০৬, যা স্ব-মূল্যায়ন প্রতিবেদন আকারে মন্ত্রিপরিষদ বিভাগে গত ১৮ জুলাই ২০১৯ তারিখে প্রেরণ করা হয়েছে।

ঘ) কর্মপরিকল্পনার ৯.২ নং কার্যক্রম অনুসারে সভায় উপস্থিত সবার মতামতের ভিত্তিতে দেশে নলেজ শেয়ারিং এর অংশ হিসেবে ঢাকায় ৯৯৯ এর অফিস পরিদর্শন চূড়ান্ত করা হয়।

ঙ) কর্মপরিকল্পনার ৯.৩ নং কার্যক্রম অনুসারে বিদেশে শিক্ষা সফরের বিষয়ে সম্ভাব্য দেশ চিহ্নিতকরণ করার লক্ষ্যে এ বিভাগের অধীন অধিদপ্তরসমূহের প্রস্তাবনার আলোকে সভায় উপস্থিত সবার মতামতের ভিত্তিতে বিদেশে শিক্ষা সফরের অংশ হিসেবে ভূটান ভ্রমণ চূড়ান্ত করা হয়। এ বিভাগের ৫ জন এবং অধীন অধিদপ্তরসমূহ হতে ৫ জন করে মোট ২৫ জন কর্মকর্তা (ইনোভেশন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট) বিদেশে শিক্ষা সফরে অংশগ্রহণ করবেন। এ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়কে বর্ণিত বিষয়ে সার্বিক ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়।

চ) ইনোভেশন শোকেসিং আয়োজন ১৫ এপ্রিল ২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহীত হয়।

ছ) উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের পরিপ্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ অধিদপ্তরসমূহ স্ব স্ব লক্ষ্যমাত্রা অনুযায়ী অনুরূপ পদক্ষেপ গ্রহণ করবে।

২.০ **আলোচ্য সূচি:** বিবিধ।

২.১ **আলোচনা:** সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ অধিদপ্তরসমূহের মাঠ পর্যায়ে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান বিষয়ে আলোচনা হয়।

২.২ **সিদ্ধান্ত:**

ক) সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক এ বিভাগের অধীন অধিদপ্তরসমূহের জেলা/উপজেলা পর্যায়ের অফিস পরিদর্শনের সময় ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.২৭

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৬
০৮ মার্চ ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
২) জনাব সৈয়দ বেলাল হোসেন, অতিরিক্ত সচিব, কারা অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
৩) জনাব মল্লিক সাঈদ মাহবুব, যুগ্মসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৪) জনাব মো: মনিরুজ্জামান, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৫) জনাব মো: আইয়ুব হোসেন, প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৬) অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ

মোঃ আবদুল কাদির
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)